

উপজেলা পল্লী উন্নয়ন কার্যালয়
পাংশা, রাজবাড়ী।


পল্লী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১৫/০৩/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১১.০০ ঘটিকায়।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা পল্লী উন্নয়ন ও সদস্য সচিব কে পাংশা উপজেলায় পল্লী উন্নয়ন বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	সভায় উপজেলার পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। অদ্যকার সভায় আলোচনার প্রাক্কালে সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানান এবং আলোচ্য সূচি মোতাবেক আলোচনা শুরু করার জন্য সভার সদস্য সচিব কে অনুরোধ করেন। ১নং আলোচ্য সূচি মোতাবেক ইউআরডিও ও সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর শুনানী শেষে কোন প্রকার সংশোধনী ছাড়াই দৃঢ়করণ হয়। ২নং আলোচ্য সূচি মোতাবেক ইউআরডিও সভায় উপস্থাপন করেন যে, কৃ-ঋণ আবলোপন প্রসঙ্গে ০১টি দলের সদস্যের পক্ষ থেকে আবেদন এসেছে। সভাপতি আবেদন সম্পর্কে জানতে চাইলে সভার সদস্য ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব জাহানারা মন্ডল জানান যে, তাঁর তদারকি রুকভুক্ত এক জন সদস্য গত ১৩/১২/২০২১খ্রিঃ তারিখে যক্ষা রোগে আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। পরিবারের এমন কোন স্থাবর/অস্থাবর সম্পদ, সম্পত্তি নাই যা দ্বারা উক্ত সদস্যের নামে বর্তমানে পাওনা টাকা পরিশোধ করা সম্ভব। ঋণ আবেদনে যে তথ্য পাওয়া যায় তা নিম্নে উল্লেখ করা হলো। আলোচনার প্রাক্কালে সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানান এবং আলোচ্য সূচি মোতাবেক আলোচনা শুরু করার জন্য সভার সদস্য সচিব কে অনুরোধ করেন। ১নং আলোচ্য সূচি মোতাবেক ইউআরডিও ও সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর শুনানী শেষে কোন প্রকার সংশোধনী ছাড়াই দৃঢ়করণ হয়।	১। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও গতিশীল করতে হবে। ২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে নিয়োজিত মাঠকর্মীদের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জালাল উদ্দিন বিশ্বাস)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, পাংশা।

তারিখ: ১৫/০৩/২০২২খ্রিঃ।

স্মারক নং- স্মারক নং : ৪৭.৬২.৮২৭৩.০০০.০২.০৪০.১১.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, পাংশা, উপজেলা কমান্ড রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পাংশা, রাজবাড়ী।